**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10-02-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) এডিসি নির্বাচনের প্রস্তুতি শুরু। রাজ্য নির্বাচন কমিশন ভোট কেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ করবে আগামী ১৩ই ফেব্রুয়ারী।**
**(২) কেন্দ্রীয় মন্ত্রী শিবরাজ সিং চৌহান আগামীকাল আগরতলায় ভার্চুয়ালি ১৭৯টি প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করবেন।**
**(৩) □ি এম কিষান প্রকল্পে এ □র্যন্ত কেন্দ্রীয় সরকার ২১টি কিস্তির মাধ্যমে চার লক্ষ কোটি টাকারও বেশি প্রদান করেছে।**
**(৪) কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তোখান সাহু জানিয়েছেন, চলতি বছরেই আগরতলা ও গুয়াহাটির মধ্যে বন্দেভারত এক্সপ্রেস চালু হবে।**
**(৫) কৈলাশহরে জেনারেল □দ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের আজকের খেলায় মনি□ুরের নেরোকা F.C দল জয়লাভ করেছে।**

*******************************************

**S.E.C-TTAADC :**

রাজ্য নির্বাচন কমিশন ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদ অর্থাৎ এডিসি নির্বাচনের প্রস্তুতি শুরু করেছে। এডিসির ২৮টি নির্বাচনী ক্ষেত্রের ভোট কেন্দ্রের তালিকা চূড়ান্ত করার জন্য নির্ঘন্ট ঘোষণা করেছে রাজ্য নির্বাচন কমিশন। কমিশনের বিজ্ঞপ্তি অনুযায়ী, আগামী ১৩ই ফেব্রুয়ারি এডিসির ২৮টি নির্বাচনী ক্ষেত্রের ভোট কেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ করা হবে। ভোট কেন্দ্রের খসড়া তালিকার উপর ঐদিন থেকেই দাবি ও আপত্তি গ্রহণের কাজ শুরু হবে। তা চলবে আগামী ১৭ই ফেব্রুয়ারি পর্যন্ত। দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তির কাজ শেষ হবে ১৯শে ফেব্রুয়ারি। এডিসির ২৮টি নির্বাচনী ক্ষেত্রের ভোট কেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে আগামী ২১শে ফেব্রুয়ারি। এদিকে, এডিসি নির্বাচনী প্রক্রিয়া

পরিচালনার জন্য রাজ্য নির্বাচন কমিশন ইতিমধ্যে ৮ জেলার জেলা শাসককে জেলা নির্বাচনী আধিকারিক হিসাবে নিযুক্ত করেছে। তাছাড়া এডিসির ২৮টি আসনের জন্য নির্বাচন নিবন্ধন আধিকারিকও নিযুক্ত করেছে রাজ্য নির্বাচন কমিশন।

*****************************

**Central Minister Visit :**

কেন্দ্রীয় গ্রামীণ উন্নয়ন, কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান আগামীকাল আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে জনপ্রতিনিধি সম্মেলন এবং বিভিন্ন গ্রামোন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও লাভার্থী সম্মাননা' অনুষ্ঠানের উদ্বোধন করবেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মণ এই সংবাদ জানান। তিনি জানান, অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী শিবরাজ সিং চৌহান ভার্চুয়ালি গ্রামোন্নয়ন দপ্তর ও ত্রিপুরা গ্রামীণ আজীবিকা মিশনের ৫৪৬ কোটি ৭৯ লক্ষ টাকা ব্যয়ে ১৭৯টি প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করবেন। তাছাড়া রাজ্যের যেসমস্ত সুবিধাভোগী বিভিন্ন প্রকল্পের মাধ্যমে উপকৃত হয়েছেন, সেসমস্ত লাভার্থীদের সম্মাননা জ্ঞাপন করবেন। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন রাজ্যের তিন সাংসদ, রাজ্য মন্ত্রিসভার সদস্যগণ সহ ত্রিস্তরীয় পঞ্চায়েতের জনপ্রতিনিধিগণ।

**************************

**SMAM Scheme :**

অমরপুর মহকুমা কৃষি দপ্তরের উদ্যোগে আজ SMAM প্রকল্পে ৬৯ জন কৃষকের মধ্যে কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হয়। একইসঙ্গে আত্মা প্রকল্পে ব্লকস্তরের শ্রেষ্ঠ ৫ জন কৃষককে পুরস্কৃত করা হয়। অমরপুর কৃষি দপ্তর কার্যালয় প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দাস, অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারম্যান বিকাশ সাহা, অমরপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সুচিত্রা দাস প্রমুখ।

****************************

**PM Kishan Yojna :**

পি এম কিসান প্রকল্পের শুরু থেকে এই পর্যন্ত কেন্দ্রীয় সরকার ২১টি কিস্তির মাধ্যমে চার লক্ষ কোটি টাকারও বেশি বিতরণ করেছে। আজ লোকসভায় এক প্রশ্নের লিখিত জবাবে কৃষি ও কৃষক কল্যাণ প্রতিমন্ত্রী রামনাথ ঠাকুর একথা জানান। তিনি জানান, প্রধানমন্ত্রী-কিষাণ প্রকল্পটি কৃষকদের আর্থিক চাহিদা পূরণের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কর্তৃক ২০১৯ সালের ফেব্রুয়ারিতে চালু করা একটি কেন্দ্রীয় খাতের প্রকল্প। তিনি বলেন, এই প্রকল্পের মাধ্যমে কৃষকদের প্রতি বছর ছয় হাজার টাকার আর্থিক সুবিধা তিনটি সমান কিস্তিতে প্রদান করা হয়। তিনি আরো বলেন, কৃষক-কেন্দ্রিক ডিজিটাল পরিকাঠামো নিশ্চিত করেছে যে, এই প্রকল্পের সুবিধাগুলি কোনও মধ্যস্থতাকারী ছাড়াই সারা দেশের সমস্ত কৃষকের কাছে পৌঁছে যাচ্ছে।

***************************

**Mega Lok Adalat :**

রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে আগামী ১৪ই ফেব্রুয়ারি রাজ্যে মেগা লোক আদালত অনুষ্ঠিত হবে। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী জানান, মেগা লোক আদালতে রাজ্যে ২৮টি বেঞ্চে ২৩ হাজার ৬৬৬টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। তিনি দ্রুত ও বিনা আইনি খরচে সংশ্লিস্ট সবাইকে মামলা নিষ্পত্তির সুবিধা নিতে অনুরোধ জানিয়েছেন।

****************************

**MSME :**

কেন্দ্রীয় সরকারের অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যেগ মন্ত্রক বা M.S.M.E এর অধীনে শিল্প উদ্যোগকে সহযোগিতা ও উৎসাহদানের লক্ষ্যে আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে উদ্যম সমাগম অনুষ্ঠিত হয়। শিল্প-বানিজ্য

দপ্তর ও ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগম আয়োজিত এই অনুষ্ঠানে ঊনকোটি জেলার বিভিন্ন প্রান্ত থেকে শিল্প ইউনিট স্থাপনে আগ্রহী যুবক-যুবতীরা অংশ নেন। সরকারি ঋণ সংক্রান্ত ভর্তুকি প্রকল্প যেমন প্রধানমন্ত্রী কর্মসৃজন প্রকল্প বা PMEGP, প্রধানমন্ত্রী ফরমালাইজেশন অব মাইক্রো ফুড প্রসেসিং এন্টারপ্রাইজ বা PMFMF ইত্যাদি প্রকল্প সম্পর্কে এই অনুষ্ঠানে সচেতনতামূলক আলোচনা করা হয়। প্রদর্শিত হয় তথ্যচিত্রও। তাছাড়া স্থানীয় ঊনকোটি কলাক্ষেত্র প্রাঙ্গনে হস্তশিল্প, কারুশিল্প, মৃৎশিল্প ইত্যাদি সম্পর্কিত মোট দশটি প্রদর্শনী ও বিপনন স্টল খোলা হয়।

**************************

**ARDD Press Meet :**

সুপ্রিম কোর্টের নির্দেশ অনুসারে রাজ্য সরকার সারা রাজ্যে পথ কুকুর ও রাস্তায় ঘুরে বেড়ানো প্রাণীদের নিয়ন্ত্রণে বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে। পদক্ষেপগুলির মধ্যে অ্যানিমেল বার্থ কন্ট্রোল রুল ২০২৩ অনুযায়ী পথ কুকুরদের নির্বীজ ও টিকাকরণ বাধ্যতামূলক করা হয়েছে এবং স্থানীয় সংস্থা ও পুর কর্তৃকপক্ষের মাধ্যমে অ্যানিমেল বার্থ কন্ট্রোল সেন্টার ও আশ্রয় কেন্দ্র স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের সহযোগিতায়। আজ সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের সচিব দীপা ডি নায়ার এ সংবাদ জানান। তিনি জানান, ইতিমধ্যেই আগরতলার মিউনিসিপল কর্পোরেশনের পক্ষ থেকে হাঁপানিয়াতে অ্যানিমেল বার্থ কন্ট্রোল সেন্টার স্থাপন করা হয়েছে। আর কে নগরে একটি প্রাণী আশ্রয় কেন্দ্র পরিচালিত হচ্ছে। এছাড়াও অন্যান্য পুর সভাগুলিতেও প্রাণী সম্পদ বিকাশ দপ্তর ও প্রাণী কল্যাণ সংস্থার সহযোগিতায় অনুরূপ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**********************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**Central Minister-Press Meet :**

কেন্দ্রীয় আবাস ও নগর উন্নয়ন প্রতিমন্ত্রী তোখান সাহু জানিয়েছেন, চলতি বছরেই আগরতলা ও গুয়াহাটির মধ্যে বন্দেভারত এক্সপ্রেস চালু হবে। আজ আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সাহু ২০২৬-২৭ অর্থ বছরের বাজেট নিয়ে আলোচনাকালে একথা জানান। তিনি জানান, ইতিমধ্যে আগরতলা ও দক্ষিণ আসামের মধ্যে রেল লাইনে বৈদ্যুতিকরণের কাজ সম্পন্ন হয়েছে। তাছাড়া আগরতলা আখাউড়ার মধ্যে ট্রেন চলাচলের প্রস্তুতি সম্পন্ন হয়েছে। অমৃত ভারত প্রকল্পের মাধ্যমে আগরতলা, উদয়পুর, ধর্মনগর ও কুমারঘাট রেলস্টেশনের আধুনিকীকরণের কাজ চালু হবে। জিরানিয়া ও বোধজংনগরের মধ্যে ১৪ কিলোমিটার রেললাইন স্থাপনের লক্ষ্যে সার্ভের জন্য কেন্দ্রীয় সরকার অনুমোদন দিয়েছে। তিনি জানান, পর্যটনক্ষেত্রের উন্নয়নের জন্য বাজেটে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলি নিয়ে বুদ্ধিস্ট সার্কিটের মূল চালিকা শক্তি হিসেবে কাজ করবে ত্রিপুরা। কেন্দ্রীয় মন্ত্রী আরো জানান, জনজাতিদের শিক্ষার প্রসারের জন্য কেন্দ্রীয় সরকার ব্যাপক পরিকল্পনা নিয়েছে। ১০ হাজার জনজাতি ছাত্রছাত্রীর জন্য নতুন ১৫টি একলব্য বিদ্যালয় স্থাপনের অনুমোদন দেওয়া হয়েছে।

উপস্থিত ছিলেন প্রাক্তন সাংসদ রেবতী ত্রিপুরা, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত প্রমুখ।

************************

**Pradhan Mantri Ujjwala Yojana :**

দক্ষিন জেলার শান্তিরবাজার মহকুমার কালা লাউগাং এলাকায় ব্রু পূনর্বাসন কেন্দ্রে পুনর্বাসন প্রাপ্ত ৪৮টি পরিবারের মহিলাদের প্রধানমন্ত্রী উজ্বলা যোজনায় রান্নার গ্যাসের সিলিন্ডার ও উনুন প্রদান করা হয়। দক্ষিন জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি, শান্তিরবাজার মহকুমা শাসক সঞ্জীব চাকমা, ব্রু পুনর্বাসন প্রকল্পের নোডাল অফিসার সৌম্যজ্যোতি দাস প্রমুখ সুবিধাভোগীদের হাতে গ্যাসের সিলিন্ডার ও উনুনগুলি তুলে দেন।

***********************

**Workshop :**

পশ্চিম জেলা প্রশাসনের উদ্যোগে আজ প্রজ্ঞা ভবনে জলজীবন মিশন, স্বচ্ছ ভারত মিশন, স্বাস্থ্য বিষয়ক ও পঞ্চায়েত দপ্তরের বিভিন্ন কর্মসূচি নিয়ে একদিনের কর্মশালার আয়োজন করা হয়। পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বিশ্বজিৎ শীল জানান, এই কর্মশালায় মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনা, আয়ুষ্মান ভারত যোজনা ইত্যাদি বিভিন্ন প্রকল্পের বিষয়ে জনগণকে আরো সচেতন করা ও পঞ্চায়েত বিভিন্ন কাজের অগ্রগতি নিয়ে কর্মশালায় বিস্তারিত আলোচনা হয়।

**************************

**Rajorshi Utsab :**

আগামীকাল সন্ধ্যায় উদয়পুর পুরাতন রাজবাড়ী এলাকায় ভুবনেশ্বরী মন্দির ও পুরাতন রাজবাড়ী প্রাঙ্গনে শুরু হচ্ছে তিনদিনব্যাপি রাজ্যের ঐতিহ্যবাহী রাজর্ষি উৎসব। আগামীকাল সন্ধ্যায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এই উৎসবের সূচনা করবেন। রবীন্দ্র স্মৃতি বিজড়িত স্থান ভুবনেশ্বরী

মন্দির ও পুরাতন রাজবাড়িতে এই উৎসবকে সার্বিক রূপ দিতে ব্যাপক প্রস্তুতি চলছে।

************************

**Padmajang Football :**

কৈলাশহরের কলেজ স্টেডিয়ামে আয়োজিত জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের আজকের খেলায় মনিপুরের নেরোকা F.C দল জয়লাভ করেছে। মনিপুরের নেরোকা F.C ছয়-শূণ্য গোলের ব্যবধানে কোলকাতার নিউ টাউন স্পোর্টস একাডেমিকে পরাজিত করে।

************************

**Women Cricket :**

মহিলাদের জাতীয় সিনিয়র ক্রিকেটের সীমিত ওভারের আসরে গ্রুপের তৃতীয় খেলায়ও ত্রিপুরা পরাজিত হয়েছে। আজ রাঁচির ঊষা মার্টিন মাঠে অনুষ্ঠিত খেলায় রেলওয়ে ৯ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়।

***********************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২.৪ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

**************************